

মন্ত্রীর দপ্তর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশে সচিবালয়  
ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি


ঢাকা; ১৭ মার্চ ২০১৯খ্রিঃ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও ‘জাতীয় শিশু দিবস’ উপলক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর পুরস্কার বিতরণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও “জাতীয় শিশু দিবস” উপলক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে চিত্রাঙ্কন প্রতিযোগিতা তিনটি বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন বঙ্গবন্ধুকে আমরা স্মরণে রাখব, কারণ তার কারণেই আমাদের এই উন্নয়ন। তাঁর কারণেই স্যাটেলাইটের জগতে আমরা প্রবেশ করেছি। এই মহা মানবের জন্ম না হলে আমরা কিছুই পেতাম না।

তিনি বাবা-মায়ের সং জীবন-যাপনের কথা বলেন। তিনি আরো বলেন নিজেরা সং থাকলে সন্তানও সং জীবন যাপনের অভ্যস্ত হবে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠানে শিশু থেকে তৃতীয় শ্রেণির বিষয় ছিল উন্মুক্ত, চতুর্থ থেকে ষষ্ঠ শ্রেণির বিষয় ছিল প্রকৃতি ও বঙ্গবন্ধু এবং সপ্তম থেকে দশম শ্রেণির বিষয় ছিল বঙ্গবন্ধু ও বাংলাদেশ। তিন গ্রুপে ৫টি মেধা ও ৫টি বিশেষ পুরস্কার করে মোট ৩০ জনকে পুরস্কার প্রদান করা হয়। তাছাড়া সকল অংশগ্রহণকারীদের সান্তনা পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রতিযোগি ও অভিভাবকসহ ৮০০ জন উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ইতি রাণী পোদ্দার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব মুঃ হুমায়ুন কবীর লস্কর।

  
(বিবেকানন্দ রায়)

জনসংযোগ কর্মকর্তা

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা